**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০
www.bb.org.bd

১৯ পৌষ ১৪২৫
তারিখ ঃ --------------------
০২ জানুয়ারি ২০১৯

এফই সার্কুলার নং-০১

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল
অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

**পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ) রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদান প্রসঙ্গে।**

পেট বোতল-ফ্লেক্স/পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ) রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধের বিষয়ে জারীকৃত এফই সার্কুলার নং ২২, তারিখ ২২ নভেম্বর ২০০৯ ও এফই সার্কুলার নং ২৬, তারিখ ১০ সেপ্টেম্বর ২০১৮ এর ১৫ (খ) ক্রমিকের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনের জন্য এফই সার্কুলার নং ২২, তারিখ ২২ নভেম্বর ২০০৯ এ সংযুক্ত আবেদন ফরমের প্রয়োজনীয় সংশোধনপূর্বক ফরম-'ক' এতদ্‌সংগে সংযোজন করা হ'ল। এছাড়া উক্ত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্রের সাথে 'বাংলাদেশ পেট ফ্লেক্স ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন' এর পরিবর্তে সংযুক্ত ফরম-'খ' অনুসারে 'রপ্তানি উন্নয়ন ব্যুরো'র সনদপত্র দাখিল করতে হবে। তবে পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য নির্ধারিত আবেদন ফরম এবং এফই সার্কুলার নম্বর ০৯, তারিখ ১৭ মে ২০১০ এর নির্দেশনা অনুসারে এসোসিয়েশনের সনদপত্র দাখিলের শর্ত যথারীতি বহাল থাকবে।

০৩। বাণিজ্যিক ব্যাংকে কিংবা নিরীক্ষার জন্য অডিট ফার্মের নিকট অপেক্ষমান ভর্তুকির আবেদনসহ সার্কুলার জারির তারিখ হতে পরবর্তী ভর্তুকির আবেদনের ক্ষেত্রে আবেদন ফরম ও প্রত্যয়ন সনদের বিষয়ের নির্দেশনা কার্যকরী হবে। ইতোমধ্যে দাখিলকৃত আবেদন ফরম পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত ফরমে উল্লিখিত শর্তাবলী পরিপালন করতে হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬২৫

(অনুচ্ছেদ ০২ এফই সার্কুলার নং-০১/২০১৯ দ্রষ্টব্য) **ফরম-'ক'**

**পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ)**
**রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য আবেদনপত্র**

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ ------------------------------------

রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর ঃ ------------------------------------------------

(খ) রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর, তারিখ ও মূল্য ---------------------------------------

(পাঠযোগ্য সত্যায়িত কপি দাখিল করতে হবে)

(গ) রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যের স্থানীয় সংগ্রহসূত্র, পরিমাণ ও মূল্য ঃ

| সরবরাহকারীর নাম ও ঠিকানা | পরিমাণ | মূল্য | পরিশোধ পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

(রপ্তানি পণ্যের বর্ণনা, মূল্য ও সংগ্রহসূত্রের বিষয়ে 'রপ্তানি উন্নয়ন ব্যুরো'র প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। পরিশোধ পদ্ধতির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে।)

(ঘ) রপ্তানি চালানের বিবরণ ঃ

| পণ্যের বর্ণনা | পরিমাণ | আমদানিকারকের দেশের নাম | ইনভয়েস মূল্য (বৈদেশিক মুদ্রায়) | জাহাজীকরণের তারিখ | ইএক্সপি নম্বর | বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসিত রপ্তানিমূল্য ও প্রত্যাবাসনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

[কমার্শিয়াল ইনভয়েস, প্যাকিং লিস্ট এবং জাহাজীকরণের প্রমানস্বরূপ পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত এবং প্রত্যয়নকৃত বিল অব লেডিং/এয়ারওয়ে বিল, বিল অব এক্সপোর্ট (শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ও পরীক্ষিত এবং on-board হওয়ার স্বপক্ষে পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত) এর পূর্ণাঙ্গ সেট ইত্যাদির সত্যায়িত পাঠযোগ্য কপি এবং রপ্তানিমূল্য প্রত্যাবাসন সনদপত্র দাখিল করতে হবে।]

(ঙ) ভর্তুকির আবেদনকৃত অংক ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | পরিশোধ্য ভর্তুকির পরিমাণ ৪ × ১০% |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

(প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার উল্লেখ সম্বলিত ফ্রেইট সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে)

এ মর্মে অঙ্গীকার করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ) রপ্তানির বিপরীতে ভর্তুকির জন্য আবেদন করা হ'ল। এ আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য/ঘোষণা সম্পূর্ণ ও সঠিক। যদি পরবর্তীতে কোন ভুল/অসত্য তথ্য/প্রতারণা/জালিয়াতি উদ্ঘাটিত হয় তবে গৃহীত ভর্তুকির সমুদয় অর্থ বা অংশবিশেষ আমার/আমাদের নিকট হতে এবং/অথবা আমার/আমাদের ব্যাংক হিসাব থেকে আদায়/ফেরত নেয়া যাবে।

তারিখ ঃ ---------------------

-----------------------------------

আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/
ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও পদবী।

(চ) ভর্তুকি প্রদানকারী ব্যাংক শাখা কর্তৃক পূরণীয় ঃ

| প্রত্যাবাসিত রপ্তানিমূল্য | প্রযোজ্য ক্ষেত্রে জাহাজ ভাড়ার পরিমাণ | বৈদেশিক মুদ্রায় পরিশোধ্য কমিশন, ইন্সুরেন্স ইত্যাদি (যদি থাকে) | নীট এফওবি রপ্তানিমূল্য ১-(২+৩) | পরিশোধ্য ভর্তুকির পরিমাণ (টাকায়) ৪ × ১০% × (রপ্তানিমূল্য প্রত্যাবাসনের তারিখে সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রার ওডি সাইট ক্রয় মূল্য) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

ভর্তুকির পরিমাণ --------------- টাকা (কথায় ঃ -----------------)।
পরিশোধের তারিখ ঃ --------------------

--------------------------------

ভর্তুকি অনুমোদনের ক্ষমতাপ্রাপ্ত ব্যাংক
কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবী

(অনুচ্ছেদ ০২ এফই সার্কুলার নং-০১/২০১৯ দ্রষ্টব্য)

**ফরম-'খ'**

**রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদেয় প্রত্যয়ন সনদপত্র**

পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ)
রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

৫। (ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ

(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ ঃ মূল্য ঃ

৬। রপ্তানিকৃত পণ্য উৎপাদনে স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) ঃ

পরিমাণ ঃ মূল্য ঃ

৭। রপ্তানি পণ্যের বিবরণ ঃ পরিমাণ ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরণের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ মূল্য ঃ তারিখ ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর ঃ তারিখ ঃ

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত ৬ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে আমাদের নিজস্ব কারখানায় পেট বোতল-ফ্লেক্স হতে উৎপাদিত পলিয়েস্টার স্ট্যাপল ফাইবার (পিএসএফ) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত তথ্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়েছে। ৭ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

রপ্তানি উন্নয়ন ব্যুরো'র দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটা ছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]